**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 27-11-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ বাধারঘাটে দুদিনব্যাপী রাজ্যভিত্তিক কমলা উৎসবের উদ্বোধন করেন।**
**(২) মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, মাংস উৎপাদনে ত্রিপুরা বর্তমানে স্বয়ম্ভর রাজ্য ।**
**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ওড়িশা বিধানসভার শীতকালীন অধিবেশনে ভাষণ দেন ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারতের মহাকাশ ক্ষেত্র বিশ্বব্যাপী বিনিয়োগকারীদের জন্য একটি আদর্শ গন্তব্য হয়ে উঠেছে।**

**************************************************

**Orange Festival :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ আজ বাধারঘাটে কৃষি দপ্তরের প্রজেনি অর্চার্ডে দুদিনব্যাপী রাজ্যভিত্তিক কমলা উৎসবের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, বর্তমানে রাজ্যে কমলার উৎপাদন বাড়ছে। তাই নতুন করে কমলা উৎসবের আয়োজন করা হচ্ছে। রাজ্যে বর্তমানে ক্যুইন প্রজাতির আনারস, গন্ধরাজ লেবু, কমলা, কাঁঠাল, লিচু প্রভৃতি ফল উৎপাদিত হচ্ছে। এসব ফলের চাহিদা দেশে-বিদেশেও বাড়ছে। কৃষিমন্ত্রী বলেন, গতবছর পর্যন্ত রাজ্যে ৫ হাজার ৬২০ হেক্টর জমিতে কমলা চাষ করা হচ্ছে। উৎপাদন বেড়ে হয়েছে প্রায় ২৫ হাজার ৩২৮ মেট্রিকটন। বর্তমানে বড়মুড়া, আঠারোমুড়া, শাখান পাহাড়ে কমলাচাষ হচ্ছে। জম্পুইপাহাড়েও নতুন করে কমলা চাষ বাড়ানোর জন্য উন্নত প্রজাতির কমলা গাছের চারা দেওয়া হচ্ছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক মিনারাণী সরকার, সচিব অপূর্ব

রায়। এবারের কমলা উৎসবে রাজ্যের ৩২টি কৃষি মহকুমা থেকে ১০০-এরও বেশি কমলাচাষি অংশ গ্রহণ করেছেন।

*******************************

**Minister Sudhangshu Das :**

মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, মাংস উৎপাদনে ত্রিপুরা বর্তমানে স্বয়ম্ভর রাজ্য। তবে ডিম, দুধ ও মাছ উৎপাদনে স্বয়ম্ভরতার লক্ষ্য অর্জনে রাজ্য সরকার উদ্যোগ নিয়েছে। ঊনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে মৎস্য, প্রাণীসম্পদ বিকাশ ও তপশিলী জাতি কল্যাণ দপ্তরের বিভিন্ন সামগ্রীর বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। বক্তব্য রাখেন ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, রাজ্য সরকারের সচিব দীপা, ডি নায়ার প্রমুখ। অনুষ্ঠানে সুবিধাভোগীদের মধ্যে মাছ ধরার জাল, বরফের বাক্স, হাঁসের ছানা, গো-খাদ্য, প্রাণীপালক সম্মান নিধির মঞ্জুরীপত্র, ছাত্রাবাসের আবাসিকদের জন্য খেলার সামগ্রী ইত্যাদি বিতরণ করা হয়।

*******************************

**National Commission-ST :**

ন্যাশনাল কমিশন অব সিডিউল ট্রাইবস'র চেয়ারপার্সন অন্তর সিং আর্য আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি সারা দেশে বসবাসরত জনজাতিদের আর্থ ও সামাজিক মান উন্নয়নে নানা উদ্যোগ গ্রহণ করেছেন। এই উদ্যোগসমূহ দেশের জনজাতিদের কাছে যাতে যথাযথভাবে পৌঁছায় তা মনিটরিং করার জন্য কেন্দ্রীয় সরকার জাতীয় তপশিলি উপজাতি কমিশন গঠন করেছে। কমিশন প্রতিবছর রাষ্ট্রপতির কাছে জনজাতিদের বিষয়ে রিপোর্ট পেশ করে। তিনি বলেন, এই কমিশন গত ২৫-নভেম্বর থেকে রাজ্যের তপশিলি জনজাতি অধ্যুষিত বিভিন্ন গ্রাম পরিদর্শন করে। গতকাল সাংসদ, বিধায়ক, এডিসি'র জনপ্রতিনিধি, জনজাতি গোষ্ঠীর সমাজপতি ও এনজিও'র সাথে জনজাতিদের উন্নয়নের বিষয়ে বৈঠক হয়েছে। কমিশন আজ লেফুঙ্গা ব্লক পরিদর্শন করে।

পরিদর্শনকালে বহু জনজাতি যুবক-যুবতীর সাথে মতবিনিময় করা হয়। সিনড ফাউন্ডেশান ইংলিশ মিডিয়াম স্কুল প্রাঙ্গণে সদস্যরা বৃক্ষরোপনে অংশ নেন। আজ সোনারতরী স্টেট গেষ্ট হাউজে জনজাতি কল্যাণে রাজ্যভিত্তিক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। এই পর্যালোচনা সভায় চেয়ারপার্সন ছাড়াও কমিশনের সদস্য নিরুপম চাকমা, সদস্যা ড. আশা লাকরা, মুখ্যসচিব জে কে সিনহা সহ অন্যান্য উচ্চ পদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন। পর্যালোচনা সভায় জনজাতিদের উন্নয়নে কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন প্রকল্প বাস্তবায়ণের বিষয়ে আলোচনা করা হয়।

****************************

**Mongsajai Mog's Last Rites Completed :**

এডিসির প্রাক্তন চেয়ারম্যান প্রবীণ সিপিআইএম নেতা মংসাজাই মগের শেষকৃত্য আজ সাব্রুমের রুপাইছড়ির মংসাজাই মগ পাড়ায় সম্পন্ন হয়েছে। এর আগে বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক, সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্ত, প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী প্রমুখ মংসাজাই মগের মরদেহে পুষ্পার্ঘ দিয়ে শেষ শ্রদ্ধা জানান। উল্লেখ্য, মংসাজাই মগ গতকাল আগরতলার একটি বেসরকারি হাসপাতালে শেষ নিঃস্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮২ বছর।

*****************************

**One North East-Rally :**

মেঘালয়ের মুখ্যমন্ত্রী কনরাড সাংমা বলেছেন, ভবিষ্যত প্রজন্মের স্বার্থে জনজাতিদের ভাষা ও সংস্কৃতিকে রক্ষা করা জরুরী। আজ আগরতলার বিবেকানন্দ ময়দানে তিপ্রা মথা আয়োজিত ওয়ান নর্থ ইস্ট একতা সমাবেশে তিনি একথা বলেন। তিনি বলেন, জনজাতিদের পূর্ব পুরুষরা সাহসিকতার সঙ্গে লড়াই করেছেন বলেই বর্তমানে অনেক ক্ষেত্রেই উন্নতির পথে জনজাতিরা। 'ওয়ান নর্থ ইস্ট'-এর মূল লক্ষ্য হলো জনজাতিদের সবাইকে একই মঞ্চে এনে সম্মিলিতভাবে নিজেদের অধিকার আদায় করা। ওয়ান নর্থ ইস্ট আগামীদিনে উত্তর-পূর্বাঞ্চলের উন্নয়ন ও জনজাতিদের সামগ্রিক

বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে শ্রী সাংমা আশা ব্যক্ত করেন। সমাবেশে তিপরা মথা দলের প্রধান প্রদ্যোত কিশোর দেব্বর্মণ বলেন, ওয়ান নর্থ ইস্ট মঞ্চ আজ জনজাতিদের হাতে একটি শক্তিশালী প্ল্যাটফর্ম। অধিকার আদায়ের লক্ষ্যে ওয়ান নর্থ ইস্ট মঞ্চের মাধ্যমে জনজাতিদের ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান তিনি। উপস্থিত ছিলেন নাগাল্যান্ডের প্রাক্তন মন্ত্রী এমএমহনলুমো কিকন, মনিপুরের নেতা আর কে মেঘেন সহ উত্তর–পূর্বাঞ্চলের কয়েকজন জনজাতি নেতা।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ ওড়িশা বিধানসভার শীতকালীন অধিবেশনে ভাষণ দেন। তিনি বলেন, ভারতের স্বাধীনতা সংগ্রাম এবং জাতি গঠনে ওড়িশা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এই ভূমি চণ্ডাশোককে ধর্মাশোকে রূপান্তরিত হওয়ার সাক্ষী ছিল। তিনি আরও বলেন, ওড়িশার উপজাতি সম্প্রদায় বিদেশী শাসনের বিরুদ্ধে লড়াই করে দেশের জন্য একটি উদাহরণ

স্থাপন করেছে। রাষ্ট্রপতি বলেন যে ওড়িশায় নারীর ক্ষমতায়নের একটি প্রাচীন ঐতিহ্য রয়েছে। তিনি বলেন যে, এটা গর্বের বিষয় যে ওড়িশা বিধানসভায় নারী প্রতিনিধিত্বের দীর্ঘ ইতিহাস রয়েছে।

রাষ্ট্রপতি উল্লেখ করেন যে ওড়িশা বিধানসভা অসংখ্য জনকল্যাণমূলক আইন পাস করেছে। তিনি আনন্দের সাথে উল্লেখ করেন যে ১৭তম বিধানসভা খুব অল্প সময়ের মধ্যে অনেক ফলপ্রসূ সভা করেছে।

রাষ্ট্রপতি বলেন যে ওড়িশা দ্রুত অগ্রগতি করছে। কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, উপজাতি ও অন্যান্য সুবিধাবঞ্চিত গোষ্ঠীর উন্নয়ন, আবাসন, দুর্যোগ ব্যবস্থাপনা ইত্যাদি ক্ষেত্রে অনেক নতুন উদ্যোগ গ্রহণের জন্য তিনি ওড়িশা সরকারের প্রশংসা করেন।

রাষ্ট্রপতি বলেন, প্রকৃতি ওড়িশাকে সকল প্রকার সম্পদে সমৃদ্ধ করেছে। এটি প্রচুর খনিজ সম্পদ, বন, জল সম্পদের পাশাপাশি মানব সম্পদেও সমৃদ্ধ। ওড়িশার পরিবেশ কৃষি, শিল্প এবং বাণিজ্যের উন্নয়নের জন্য অত্যন্ত অনুকূল।

এই সমস্ত সুবিধা কাজে লাগিয়ে ওড়িশাকে দেশের একটি শীর্ষস্থানীয় রাজ্যে রূপান্তরিত করা যেতে পারে।

রাষ্ট্রপতি বলেন, ২০৩৬ সালে ওড়িশার গঠনের শতবর্ষ উদযাপন করা হবে। ২০৩৬ সালের মধ্যে যদি সকল অংশীদাররা একটি সমৃদ্ধ ওড়িশা গড়ে তোলার জন্য একসাথে কাজ করতে পারে, তাহলে ২০৪৭ সালের মধ্যে ভারতকে একটি উন্নত জাতি হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে এটি হবে ওড়িশার সবচেয়ে বড় অবদান।

রাষ্ট্রপতি বলেন, বিধায়করা হলেন জনপ্রতিনিধি। নাগরিকদের প্রত্যাশা পূরণ করা, তাদের স্বপ্ন বাস্তবায়ন করা এবং তাদের মুখে হাসি ফোটানো সকল বিধায়কের কর্তব্য। উল্লেখ্য, এই প্রথম কোনো রাষ্ট্রপতি ওড়িশা বিধানসভায় ভাষণ দিলেন।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে ভারতের মহাকাশ ক্ষেত্র বিশ্বব্যাপী বিনিয়োগকারীদের জন্য একটি আকর্ষণীয় গন্তব্য হয়ে উঠছে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে স্কাইরুটের ইনফিনিটি ক্যাম্পাসের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে শ্রী মোদী উল্লেখ করেন যে সরকার ভারতের মহাকাশ ক্ষেত্রে বেশ কয়েকটি ঐতিহাসিক সংস্কার করেছে। তিনি বলেন, সরকার বেসরকারি উদ্ভাবনের জন্য মহাকাশ ক্ষেত্র উন্মুক্ত করেছে, যার ফলে স্টার্টআপ এবং শিল্প দেশের বৈজ্ঞানিক বাস্তুতন্ত্রের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করতে সক্ষম হয়েছে। শ্রী মোদী উল্লেখ করেন যে আগামী বছরগুলিতে, বিশ্বব্যাপী মহাকাশ অর্থনীতি বহুগুণ বৃদ্ধি পাবে এবং দেশের তরুণদের জন্য অসাধারণ নতুন সুযোগ উন্মুক্ত করবে।

##### Byte-PM #####

***************************

**Package Story-Cultivating Dragon Fruit :**

কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে সরকারি সহায়তা পেয়ে নিজস্ব জমিতে ড্রাগন বা কমল ফলের চাষ করে স্বাবলম্বী হওয়ার পথে ধলাই জেলায় জহরনগর এলাকার অনুপ কোচের পরিবার। এ নিয়ে একটি প্রতিবেদন।

#######VC######

*****************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩০শে নভেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন কি বাত' অনুষ্ঠানে দেশ ও বিদেশের মানুষের সাথে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি "মন কি বাতে"র ১২৮তম পর্ব হবে। এই অনুষ্ঠানের জন্য জনগণ তাদের ধারণা এবং পরামর্শ ১৮০০-১১-৭৮০০ টোল-ফ্রি নম্বরের মাধ্যমে জানাতে পারবেন। নরেন্দ্র মোদী অ্যাপ অথবা মাইগভ ওপেন ফোরামের মাধ্যমে অনলাইনেও মতামত

জানানো যাবে। এছাড়াও ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে, প্রাপ্ত লিঙ্কে সরাসরি পরামর্শ জানাতে পারেন। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৮ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

***************************

**T-20 Women's Cricket :**

মেয়েদের অনূর্ধ্ব ২৩ বছরের টি-২০ জাতীয় ক্রিকেটের আসরে গ্রুপের তৃতীয় খেলায়ও ত্রিপুরা পরাজিত হয়েছে। আজ হরিয়ানার লাহালিতে চৌধুরী বংশীলাল স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় উত্তরপ্রদেশ ৭ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। এর ফলে আসরে গ্রুপের তিনটি খেলাতেই রাজ্যদল পরাজিত হয়।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪.৮ ডিগ্রি সেলসিয়াস।

**************************